

বিস্তারিত : নির্বাচনী এলাকা-১১, দিনাজপুর ৬ এর অন্তর্গত বিরামপুর উপজেলাধীন বিরামপুর সরকারি কলেজটি (জাতীয়করণ ০৮/০৮/২০১৮খ্রি:) অবস্থিত। দিনাজপুর জেলার ৬টি উপজেলা পার্বতীপুর, ফুলবাড়ী, বিরামপুর, নবাবগঞ্জ, হাকিমপুর ও ঘোড়াঘাটের কেন্দ্রস্থল প্রস্থাবিত জেলা বিরামপুর সদরে স্বনামধন্য ও ঐতিহ্যবাহী এই সর্বোচ্চ বিদ্যাপিঠটির অবস্থান। ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত হয়ে, ১৯৭২ সালে ডিগ্রী পাস এবং ১৯৮৫ সালে পূর্ণাঙ্গ ডিগ্রী পাস কোর্স এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে বাংলা ও ব্যবস্থাপনা বিষয়ে অনার্স কোর্স চালু হয়ে অত্র এলাকার গরীব কৃষক ও মধ্যবিত্ত শ্রেণির সন্তান-সন্ততিদের মধ্যে শিক্ষা বিস্তার করে আসছে।

১৯৬৮ সালের ৩রা নভেম্বর বর্তমান স্থানে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন জনাব এ.কে.এম যাকারিয়া জেলা প্রশাসক, দিনাজপুর। বিরামপুর সরকারি কলেজ স্থাপনে প্রধান উদ্যোক্তা ছিলেন তৎকালীন বিরামপুর ইউপি চেয়ারম্যান মরহুম ফজলার রহমান মন্ডল। তিনি প্রতিষ্ঠালগ্নে কলেজ অফিস পরিচালনার জন্য তার বাসগৃহ কলেজ বরাবরে ছেড়ে দেন। বিরামপুর সরকারি কলেজ প্রতিষ্ঠালগ্নে মরহুম ফজলার রহমানের সাথে আরো যাঁরা একনিষ্ঠ ও নিঃস্বার্থভাবে অগ্রণী ভূমিকা পালন করেন তাদের মধ্যে (১) মরহুম ডাঃ ওয়াকিল উদ্দিন মন্ডল, প্রাক্তন MNA (২) মরহুম আব্দুর রহমান মন্ডল (৩) মরহুম ডাঃ সমির উদ্দিন আহম্মেদ (MBBS) (৪) মরহুম অধ্যক্ষ আব্দুর গফুর মোল্লা (৫) মরহুম সোলায়মান আলী, বি.এ (আলিগড়) (৬) মরহুম অধ্যক্ষ আব্দুর গফুর মোল্লা (৭) উপাধ্যক্ষ আব্দুল কাফী মন্ডল প্রমুখ। আরো অনেকে নিঃস্বার্থভাবে শ্রম দিয়েছেন তাদের মধ্যে (১) মরহুম বছির উদ্দীন সরকার, (২) মরহুম আছর উদ্দিন মন্ডল অন্যতম।

প্রতিষ্ঠালগ্নে বিশিষ্ট ব্যবসায়ী মরহুম কোবাদ হোসেন মন্ডল (ডাঙ্গাপাড়া) কলেজ তহবিলে প্রতিমানে ১০০১/- (এক হাজার এক) টাকা, মরহুম আঃ রশিদ মন্ডল (গ্রাম লোহাচড়া, ডাঙ্গাপাড়া) প্রতি মাসে ৫০১/- (পাচশত এক) টাকা দান করতেন। সর্বশেষে বলা যায় ১৯৬৪ সালের হাকিমপুর, নবাবগঞ্জ, ঘোড়াঘাট ও ফুলবাড়ী থানার বিপুল সংখ্যক বিদ্যোৎসাহী, দাতা, সমাজকর্মী, স্থানীয় জনপ্রতিনিধি ও ব্যবসায়ী বৃন্দের সক্রিয় সহযোগিতার ফসল আজকের এই বিরামপুর সরকারি কলেজ।